

# 5th BIMSTEC Summit

March 30, 2022

## পঞ্চম বিমস্টেক শিখর সম্মেলন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ পঞ্চম বিমস্টেক (বে অফ বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টি-সেক্টরাল টেকনিকাল অ্যান্ড ইকনোমিক কো-অপারেশন) শিখর সম্মেলনে অংশ নেন। বিমস্টেকের বর্তমান সভাপতি শ্রীলঙ্কার পঞ্চ থেকে ভার্চুয়াল পদ্ধতিতে এই সম্মেলন আয়োজন করা হয়েছে।

পঞ্চম বিমস্টেক শিখর সম্মেলনের প্রাক্কালে শ্রীলঙ্কার কলম্বোয় গত ২৮ ও ২৯শে মার্চ হাইব্রিড পদ্ধতিতে উচ্চ পদস্থ সরকারি আধিকারিক ও বিদেশ মন্ত্রীদের নিয়ে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়।

এবারের শিখর সম্মেলনের মূল ভাবনা ‘এক স্থিতিশীল অঞ্চল, সমৃদ্ধ অর্থনীতি ও সুস্থ-সবল মানুষ’। সদস্যভুক্ত প্রতিটি দেশ এই বিষয়গুলিতে অগ্রাধিকার দিচ্ছে। একইভাবে, কোভিড-১৯ মহামারীর প্রেক্ষিতে অর্থনৈতিক ও উন্নয়নমূলক বিষয়গুলির সমাধানে সদস্য দেশগুলির মধ্যে সহযোগিতা গড়ে তুলতে বিমস্টেক উদ্যোগী হয়েছে। এবারের শিখর সম্মেলনে বিমস্টেক সনদ গ্রহণ ও এ সম্পর্কিত চুক্তির বিষয়টি সর্বাধিক প্রাধান্য পায়। এই সনদে সদস্য রাষ্ট্রগুলির মধ্যে জোট সংগঠন গড়ে তোলা সম্পর্কে বলা হয় যে, তারা সকলেই উপকূলবর্তী ভূখন্ড এবং বঙ্গোপসাগরের উপর নির্ভরশীল।

এবারের শিখর সম্মেলনে বিমস্টেক সদস্য দেশগুলির মধ্যে যোগাযোগ স্থাপনে লক্ষণীয় অগ্রগতি হচ্ছে বলে জানানো হয়েছে এবং সদস্য রাষ্ট্রগুলি পরিবহন সম্পর্কিত যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে মাস্টার প্ল্যান গ্রহণ করেছে। এই মাস্টার প্লানে ভবিষ্যতে এই অঞ্চলে যোগাযোগ সম্পর্কিত যাবতীয় কর্মকান্ডের রূপরেখা দেওয়া হয়েছে।

প্রধানমন্ত্রী শ্রী মোদী তাঁর বক্তব্যে বিমস্টেক দেশগুলির মধ্যে আঞ্চলিক যোগাযোগ, সহযোগিতা ও নিরাপত্তা বৃদ্ধি সহ বিভিন্ন বিষয়ে গুরুত্বের কথা উল্লেখ করেন। তিনি বিমস্টেক সদস্য দেশগুলির নেতৃবৃন্দের প্রতি বঙ্গোপসাগরকে যোগাযোগ, সমৃদ্ধি ও নিরাপত্তাগত সেতু হিসাবে রূপান্তরের আহ্বান জানান।

প্রধানমন্ত্রী মোদী সহ অন্যান্য নেতৃবৃন্দ তিনটি বিমস্টেক চুক্তি স্বাক্ষর প্রত্যক্ষ করেন। সদস্য দেশগুলির মধ্যে সহযোগিতায় যে অগ্রগতি হয়েছে, এই চুক্তি তার প্রতিফলন। যে তিনটি বিষয়ে চুক্তি হয়েছে, সেগুলি হ’ল – অপরাধের বিষয়ে পারস্পরিক আইনি সহায়তা; কূটনৈতিক প্রশিক্ষণের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা এবং বিমস্টেক দেশগুলির মধ্যে প্রযুক্তি আদান-প্রদান ব্যবস্থা গড়ে তোলা।

**নতুন দিল্লি**

**30 মার্চ, 2022**

**DISCLAIMER:** This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.